**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 26-03-2026** **Desk in Charge: S.D.G.**

**Time:- 7-35 AM** **Edit. & Compile : Priya B.**

**DEO: KB** **NRT: Priya B.**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১/ রাজ্যে SIR প্রক্রিয়ায় বিবেচনাধীন তালিকায় থাকা প্রায় ৬০ লক্ষ নামের মধ্যে ৩২ লক্ষের নিষ্পত্তি হয়েছে। # বাদ পড়েছে প্রায় চল্লিশ শতাংশ নাম।

২/ বিধানসভা নির্বাচনের জন্য বিজেপি ১৯ জন প্রার্থীর তৃতীয় তালিকা প্রকাশ করেছে। # পানিহাটি কেন্দ্রে প্রার্থী করা হয়েছে RG Kar–এ নির্যাতিতা চিকিৎসকের মা রত্না দেবনাথকে।

৩/ ভোটের আগে চুক্তিভিত্তিক কর্মী নিয়োগের অভিযোগে পূর্ব মেদিনীপুরের জেলাশাসককে সরিয়ে দিয়েছে নির্বাচন কমিশন। #পাঁচ জেলায় অতিরিক্ত জেলাশাসক পদে আধিকারিক পদে রদবদল।

৪/ উত্তরবঙ্গের ময়নাগুড়িতে নির্বাচনী জনসভা থেকে তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বিজেপি কর্মীদের সম্পর্কে আপত্তিকর মন্তব্য করেছেন বলে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার অভিযোগ করেছেন।

৫/ দক্ষিণ কলকাতার পাটুলিতে দুষ্কৃতীদের গুলিতে এক ব্যক্তির মৃত্যুর ঘটনায় চাঞ্চল্য।

৬/ রামনবমী উপলক্ষ্যে কোনরকম অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে রাজ্য প্রশাসনের তরফে যথাযথ বন্দোবস্ত করা হচ্ছে। # কলকাতা পুলিশ আজ ও আগামীকাল, শহরের বিভিন্ন রাস্তায় যান চলাচল নিয়ন্ত্রণ করবে।

৭/ উত্তরের দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং এবং দক্ষিণবঙ্গের পশ্চিমের জেলাগুলিতে আজ হালকা ঝড় জলের সম্ভাবনা রয়েছে।

************************************************************************

রাজ্যে SIR  প্রক্রিয়ায় বিচারাধীন তালিকায় থাকা প্রায় ৬০ লক্ষ নামের মধ্যে ইতমধ্যেই ৩২ লক্ষের নিষ্পত্তি হয়েছে। এর মধ্যে প্রায় ৪০ শতাংশ নাম, বাদ গিয়েছে বলে  রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গেছে।

গত সোমবার প্রায় ১০ লক্ষ ভোটারের প্রথম সাপ্লিমেন্টারি তালিকা প্রকাশিত হয়েছিল। যাঁদের নাম ই-সাইন প্রক্রিয়ার মাধ্যমে অনুমোদিত হয়েছে, তাঁদের নামই ওই তালিকায় রয়েছে।

পরবর্তী অতিরিক্ত তালিকা, আগামীকাল ( শুক্রবার ) প্রকাশিত হওয়ার কথা। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের তরফে প্রতিদিন তালিকা প্রকাশের অনুমতি চেয়ে কলকাতা হাইকোর্টে আবেদন জানানো হয়েছে। তবে আদালত জানিয়েছে, ২৭ মার্চের পর বিষয়টি বিবেচনা করা হবে।

*************************

বিধানসভা নির্বাচনের জন্য বিজেপি ১৯ জন প্রার্থীর তৃতীয় তালিকা প্রকাশ করেছে। পানিহাটি কেন্দ্রে প্রার্থী করা হয়েছে আর জি করে নির্যাতিতা চিকিৎসকের মা রত্না দেবনাথকে। কোচবিহার দক্ষিণে রথীন্দ্রনাথ বসু, রায়গঞ্জে দীনেশ সরকার, ইসলামপুরে চিরঞ্জিৎ রায়, ইংরেজ বাজারে অম্লান ভাদুড়ি প্রার্থী হয়েছেন। নদিয়ার শান্তিপুর থেকে প্রতিদ্বন্দ্বিতা করবেন স্বপন দাস। উত্তরপাড়ায় দীপাঞ্জন চক্রবর্তী, সিঙ্গুরে অরূপকুমার দাস, মেদিনীপুরে শঙ্কর গুছাইতকে প্রার্থী নির্বাচন করা হয়েছে।

এদিকে, ইন্ডিয়ান সেকুলার ফ্রন্ট-ISF, গতকাল তাদের দ্বিতীয় প্রার্থী তালিকা প্রকাশ করেছে। দলের চেয়ারম্যান, বিধায়ক নৌশাদ সিদ্দিকি পাঁচ জন প্রার্থীর নাম ঘোষণা করেন। মিনাখাঁ কেন্দ্রে প্রতীক মন্ডল, মন্দিরবাজারে অশোক কুমার গায়েন, জগতবল্লভপুরে নাজিয়া খাতুনকে প্রার্থী করা হয়েছে। এর আগে গত সোমবার দলের তরফে ২৩ জন প্রার্থীর প্রথম তালিকা প্রকাশ করা হয়।

*************************

ভোটের আগে চুক্তিভিত্তিক কর্মী নিয়োগের অভিযোগে পূর্ব মেদিনীপুরের জেলাশাসক উনিশ রিশিন ইসমাইলকে, সরিয়ে দিয়েছে নির্বাচন কমিশন। নতুন জেলাশাসক হিসেবে নিয়োগ করা হয়েছে নিরঞ্জন কুমারকে।

এছাড়া আরও পাঁচ জেলায় অতিরিক্ত জেলাশাসক স্তরের একাধিক আধিকারিকের রদবদল করেছে নির্বাচন কমিশন। উত্তর ২৪ পরগনায় কর্মরত রাজ্য সরকারের বিশেষ সচিব তেজস্বী রানাকে ভাটপাড়া বিধানসভার রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগ করা হয়েছে।

আলিপুরদুয়ারের অতিরিক্ত জেলাশাসক আদিত্য বিক্রম মোহনকে মুর্শিদাবাদের রানিনগরে রিটার্নিং অফিসারের দায়িত্ব দেওয়া হয়েছে। পূর্ব বর্ধমানের অতিরিক্ত জেলাশাসক রোহন লক্ষ্মীকান্তকে বাঁকুড়ার রানিবাঁধের দায়িত্ব দিয়েছে কমিশন। ঝাড়গ্রামের অতিরিক্ত জেলাশাসক লক্ষ্মণ পেরুমালকে বাঁকুড়ার তালডাংরায় এবং বাঁকুড়ার অতিরিক্ত জেলাশাসক শ্রীনিবাস বেঙ্কটরাও পাতিলকে মালদহের বৈষ্ণবনগরে রিটার্নিং অফিসারের দায়িত্ব দেওয়া হয়েছে।

***********************

উত্তরবঙ্গের ময়নাগুড়িতে নির্বাচনী জনসভা থেকে তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বিজেপি কর্মীদের সম্পর্কে আপত্তিকর মন্তব্য করেছেন বলে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার অভিযোগ করেছেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে তিনি লিখেছেন, নির্বাচনের ফল ঘোষণার পর রাজ্যের বিজেপি কর্মীদের হাতে প্ল্যাকার্ড নিয়ে বসে থাকতে হবে, যেখানে লেখা থাকবে, তাঁরা বিজেপির সঙ্গে যুক্ত নন- মুখ্যমন্ত্রীর এই মন্তব্য গণতান্ত্রিক মূল্যবোধের পরিপন্থী। ২০২১ সালে বিধানসভা নির্বাচন পরবর্তী হিংসার স্মৃতিকেই তা উসকে দেয়। নির্বাচন কমিশনের কাছে বিষয়টি অবিলম্বে খতিয়ে দেখার এবং পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানিয়েছেন তিনি।

***********************

ভোটের দামামা বেজে ওঠার সঙ্গে সঙ্গে জেলাগুলিতে শুরু হয়েছে প্রস্তুতি।
উত্তর চব্বিশ পরগনা জেলা, প্রতিটি নির্বাচনেই আকর্ষণের কেন্দ্রবিন্দুতে থাকে। আসন্ন বিধানসভা নির্বাচনও তার ব্যতিক্রম নয়।
এক নজরে দেখে নেওয়া যাক উত্তর ২৪ পরগণা জেলার ভোটচিত্র।

( ভিসি- পল্লব )

***********************

বিধানসভা নির্বাচনের আগে রাজ্যে ২৯৪টি কেন্দ্রের জন্য নিযুক্ত সব রিটার্নিং অফিসার-আরওদের জন্য গতকাল একটি বিশেষ প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়। জলপাইগুড়ি, মালদা, প্রেসিডেন্সি, বর্ধমান ও মেদিনীপুর—এই পাঁচটি ডিভিশনে একযোগে এই প্রশিক্ষনে মনোনয়ন জমা, স্ক্রুটিনি, যোগ্যতা নির্ধারণ, প্রতীক বরাদ্দ, ভোটগ্রহণের ব্যবস্থাপনা এবং গণনা প্রক্রিয়ার মতো নির্বাচনের প্রতিটি ধাপ সম্পর্কে বিস্তারিতভাবে আরও-দের অবহিত করা হয়।

ভোটগ্রহণ শেষে প্রতিটি বুথের প্রিসাইডিং অফিসাররা যেন ফর্ম ১৭সি-র স্বাক্ষরিত কপি সব পোলিং এজেন্টের হাতে তুলে দেন প্রশিক্ষণে বিশেষভাবে তার উপর জোর দেওয়া হয়েছে। এতে ভোটের হিসেব সংক্রান্ত স্বচ্ছতা বজায় থাকবে বলে মনে করছে কমিশন। এছাড়া 'ইসিনেট' অ্যাপ ব্যবহারের বিষয়েও আরও-দের অবহিত করা হয়েছে।

***********************

দক্ষিণ কলকাতার পাটুলিতে দুষ্কৃতীদের গুলিতে এক তৃণমূল কংগ্রেস কর্মী রাহুল দে-র মৃত্যুর ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। গতকাল বন্ধু জিৎ মুখোপাধ্যায়, ফুলবাগান এলাকায় নিজের ফ্ল্যাটে তাকে আমন্ত্রণ জানায়। রাতে বাড়ির ছাদে খাওয়া দাওয়া চলাকালীন, কয়েকজন দুষ্কৃতী সেখানে ঢুকে গুলি চালায় বলে অভিযোগ। গুলিবিদ্ধ রাহুলকে হাসপাতালে নিয়ে যাওয়া হলে, চিকিৎসকরা মৃত ঘোষণা করেন। আহত অবস্থায় জিৎ'ও, হাসপাতালে চিকিৎসাধীন।

***********************

রামনবমী উপলক্ষ্যে কোনরকম অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে রাজ্য প্রশাসনের তরফে যথাযথ বন্দোবস্ত করা হচ্ছে।

নবান্নে গতকাল মুখ্যসচিব দুষ্মন্ত নারিয়ালা, স্বরাষ্ট্র সচিব সংঘমিত্রা ঘোষ, রাজ্য পুলিশের মহা নির্দেশক সিদ্ধিনাথ গুপ্তা, কলকাতার পুলিশ কমিশনার অজয় নন্দ, সব জেলাশাসক

ও অন্য আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন। আজ থেকে ২৯শে মার্চ পর্যন্ত জেলায় জেলায় মিছিল হওয়ার কথা।

হাওড়া, চন্দননগর এবং ইসলামপুরে বিশেষ সতর্কতা নেওয়া হচ্ছে। জেলাগুলিতে মোতায়েন থাকবে বিরাট সংখ্যক পুলিশ বাহিনী। এছাড়াও প্রয়োজন পড়লে CRPF-এর সাহায্য নেওয়া হবে। শোভাযাত্রার ক্ষেত্রে কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে চলতে বলা হয়েছে। অস্ত্র নিয়ে মিছিল না করার ব্যাপারে সতর্ক করার পাশাপাশি, ৫০০-র বেশী মানুষ শোভাযাত্রায় সামিল হতে পারবেন না বলে জানানো হয়েছে।

পুলিশ কমিশনার অজয় নন্দ জানিয়েছেন, তাঁদের পক্ষ থেকে বাড়তি নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে।

( বাইট- অজয় নন্দ )

রামনবমী উপলক্ষে কলকাতা পুলিশ আজ ও আগামীকাল, শহরের বিভিন্ন রাস্তায় যান চলাচল নিয়ন্ত্রণ করবে। আজ বেলা বারোটা থেকে রাত ১২ টা পর্যন্ত এবং আগামীকাল সকাল ছ'টা থেকে রাত আটটা পর্যন্ত কলকাতা পুলিশের আওতায় থাকা সব থানা এলাকায় দুধ, অক্সিজেন সিলিন্ডার, LPG-র মত অত্যাবশ্যক পণ্য বহনকারী গাড়ি ছাড়া অন্যান্য পণ্যবাহী গাড়ি চলাচল বন্ধ থাকবে বলে পুলিশের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

***********************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'প্রাকৃতিক চাষে এগিয়ে আসছেন কৃষকরা' ।

এই নিয়ে হুগলী কৃষি বিজ্ঞান কেন্দ্রের কৃষি সম্প্রসারণ বিভাগের বিষয়বস্তু বিশেষজ্ঞ ডক্টর সৈকত সাহার সঙ্গে কথা বলেছেন দিব্য দে।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি প্রচারতরঙ্গ, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

***********************

RG Kar মেডিকেল কলেজ হাসপাতালে জেনারেল এমার্জেন্সি বিভাগ শীঘ্রই চালু করার ব্যাপারে গতকাল ‘রোগী কল্যাণ সমিতি’র বৈঠক হয়। আপাতত ২০ টি বেড নিয়ে এমার্জেন্সিতে পরিষেবা চালু হবে বলে সিদ্ধান্ত হয়েছে। সংস্কারের পর বাড়ানো হবে শয্যা সংখ্যা।

উল্লেখ্য, ওই হাসপাতালে কর্তব্যরত মহিলা চিকিৎসকের ধর্ষণ ও খুনের প্রতিবাদে ২০২৪-এর ১৪ ই আগস্ট ‘রাত দখল’ আন্দোলনের ডাক দেওয়া হয়েছিল।
সেইদিনই মধ্যরাতে দুষ্কৃতীদের তান্ডব ও ভাঙচুরের ফলে এমার্জেন্সি ক্ষতিগ্রস্ত হওয়ার পর থেকেই তা’ বন্ধ ছিল। সম্প্রতি, ওই হাসপাতালের লিফটে আটকে এক ব্যক্তির মৃত্যু এবং ট্রমা কেয়ারে চিকিৎসা করাতে এসে আরো একজনের মৃত্যুর পরই নড়েচড়ে বসে কর্তৃপক্ষ। দেড় বছরের’ও বেশী সময় পর শুরু হয়েছে জরুরী বিভাগের সংস্কারের কাজ।
হাসপাতাল সূত্রের খবর, ওই বিভাগের সংস্কারের জন্য কি কি প্রয়োজন, স্বাস্থ্য দফতর তা জানতে চেয়েছে। এছাড়া অন্যান্য পরিকাঠামোগত সমস্যা, কর্মী সংকটের মতো বিষয় নিয়েও রোগী কল্যাণ সমিতির বৈঠকে আলোচনা হয়েছে।

***********************

উত্তরের দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং এবং দক্ষিণবঙ্গের পশ্চিমের জেলাগুলিতে আজ হালকা ঝড় জলের সম্ভাবনা রয়েছে। তবে আগামীকাল উত্তরবঙ্গের উত্তরের প্রায় সব জেলায় এবং দক্ষিণবঙ্গের বেশিরভাগ জেলাতেই বজ্র বিদ্যুৎ এবং দমকা হাওয়া সহ মাঝারি থেকে ভারী বৃষ্টির কমলা সতর্কতা জারি করা হয়েছে। দার্জিলিং এবং কালিম্পং জেলাতে রয়েছে শিলাবৃষ্টিরও পূর্বাভাস।

এদিকে, কলকাতা ও পার্শ্ববর্তী এলাকায় আজ শুষ্ক আবহাওয়া থাকবে । আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৫ দশমিক আট ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে এক দশমিক ৭ ডিগ্রি বেশি।

*******************************************************************